ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১২৮৩
সোনামুড়া,২০ সেপ্টেম্বর,২০২৪

**স্বচ্ছতা হি সেবা**

**সোনামুড়ায় সাফাই অভিযান**

স্বচ্ছতা হি সেবা অভিযানের অঙ্গ হিসেবে আজ সোনামুড়া নগর পঞ্চায়েতের কর্মীবৃন্দ নগর পঞ্চায়েত কার্যালয় ও সামনের সংলগ্ন রাস্তায় সাফাই অভিযান করেন। বিশেষ সাফাই অভিযানের অংশ হিসেবে নগর পঞ্চায়েত এলাকার ২ নং ওয়ার্ড, ৫ নং ওয়ার্ড, ৬ নং ওয়ার্ড, ১০ নং ওয়ার্ড, ১১ নং ওয়ার্ড এলাকার বিভিন্ন রাস্তা ও রাস্তার আশপাশ সাফাই করা হয়। এই সাফাই অভিযানে অংশ নেন নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস চেয়ারপার্সন শাহজাহান মিঞা, উপ মুখ্যকার্যনির্বাহী আধিকারিক প্রবীর সাহা সহ বিভিন্ন স্বেচ্ছাসেবক ও সমাজসেবীগণ। প্রসঙ্গত, এই কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল ঠাকুরমুড়া এসবি স্কুলের ছাত্রছাত্রী সহ শিক্ষক শিক্ষিকাগণ বিদ্যালয়ের বিভিন্ন জায়গার সাফাই করেন। বন্যার জলে উদ্ভুত নোংরা, আবর্জনা সহ বিদ্যালয় সংলগ্ন রাস্তা পরিষ্কার করেন তারা। এই স্বচ্ছতা অভিযানকে কেন্দ্র করে বিদ্যালয়ে ব্যাপক সাড়া পড়ে।

*****